ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-২৫৪২

ছৈলেংটা, ২৬ আগস্ট, ২০২৫

**আসন্ন দুর্গাপূজা আয়োজন উপলক্ষ্যে ছৈলেংটায় সভা**

লংতরাইভ্যালি মহকুমায় আসন্ন দুর্গাপূজা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে আয়োজন করার লক্ষ্যে আজ ছৈলেংটা মহকুমা শাসক কার্যালয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন এমডিসি সঞ্জয় দাস। সভায় দুর্গাপূজা উপলক্ষ্যে রাজ্য সরকারের বিভিন্ন নির্দেশিকা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। মহকুমার প্রত্যেকটি ক্লাব, সামাজিক সংগঠন এবং পূজা কমিটিকে দুর্গাপূজা আয়োজনে সরকারি নির্দেশিকা যথাযথ পালনের জন্য আহ্বান জানানো হয়। পাশাপাশি প্রতিমা নিরঞ্জনের জন্য দশমীঘাটগুলির প্রস্তুতির বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়াও পূজার সময় নিরাপত্তা সম্পর্কিত বিষয়ে পুলিশ প্রশাসনের আধিকারিকগণ সভায় বিস্তারিত আলোচনা করেন। সভায় এছাড়াও উপস্থিত ছিলেন এমডিসি হংসকুমার ত্রিপুরা, মহকুমা শাসক সুব্রত দাস, এসডিপিও সোনাচরণ জমাতিয়া, ছামনু ব্লকের বিডিও কুমারদ্বীপ সরকার সহ বিভিন্ন ক্লাব ও পূজা কমিটির প্রতিনিধিগণ।

******